

## **বেক্সিমকো 1<sup>st</sup> Unsecured Zero Coupon Bond সম্পর্কিত সাধারণ প্রশ্নোত্তর**

১. Beximco 1<sup>st</sup> Unsecured Zero Coupon Bond' কি?
  - এটি এমন একটি বন্ড যেখানে রয়েছে বিনিয়োগের সেরা মুনাফা লাভের নিশ্চয়তা।
২. এই বন্ডে বিনিয়োগকৃত অর্থ এবং মুনাফা ফেরত পাওয়ার নিশ্চয়তা কি?
  - আপনার বিনিয়োগকৃত টাকা মুনাফা সহ ফেরত পাওয়া নিশ্চিত করার লক্ষ্যে Beximco দ্বারা ভূমি মর্টগেজ এবং আন্ডারটেকিং Beximco 1<sup>st</sup> Unsecured Zero Coupon Bond পেমেণ্টের জন্য একটি নিরাপত্তা হিসাবে কাজ করবে।
৩. এই বন্ডে মুনাফার হার কত?
  - এই বন্ডের মুনাফার হার ১৫%।
  - অর্থাৎ - সর্বনিম্ন ৫০,০০০/- টাকা বিনিয়োগ করে ক্রেতা মেয়াদপূর্তিতে ফেরত পাবেন মূল টাকা সহ সর্বমোট ৮৭,৫০০/- টাকা।
  - ১০০,০০০/- টাকা বিনিয়োগ করে ক্রেতা মেয়াদপূর্তিতে ফেরত পাবেন মূল টাকা সহ সর্বমোট ১,৭৫,০০০/- টাকা।
৪. এই বন্ড কারা কিনতে পারবে?
  - যেকোন প্রাপ্তবয়স্ক ব্যক্তি বা প্রতিষ্ঠান এই বন্ড কিনতে পারবে।
৫. জয়েন্ট অ্যাপ্লিক্যান্ট কি এই বন্ড কিনতে পারবে?
  - দুঃখিত বর্তমানে এই সুযোগ নাই।
৬. একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান সর্বনিম্ন কত টাকার বন্ড কিনতে পারবে?
  - একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান সর্বনিম্ন ৫০,০০০/- টাকার বন্ড কিনতে পারবেন।
৭. একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান সর্বোচ্চ কত টাকার বন্ড কিনতে পারবে?
  - এর কোন ঊর্ধসীমা নাই। কাজেই ক্রেতার ইচ্ছামত ৫০,০০০/- টাকার গুণীতক যেকোন অংকের বন্ড কিনতে পারবেন।
৮. এই বন্ড কিনতে কি লাগবে?
  - এই বন্ড কিনতে লাগবে –
    - ব্যাংক একাউন্ট
    - বিও একাউন্ট
৯. ব্যাংক একাউন্ট এবং বিও একাউন্ট খুলতে কি লাগবে?
  - IFIC Bank এর সকল শাখা/উপশাখায় তাদের সহকর্মীরা আপনাদের ব্যাংক একাউন্ট এবং বিও একাউন্ট খুলতে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য প্রস্তুত রয়েছে।
১০. এই বণ্ডে কি নমিনির প্রয়োজন আছে?

- বিও একাউন্টে এর নমিনি এই বন্ড এর নমিনি হিসেবে গণ্য হবে। তাই নতুন নমিনির প্রয়োজন নেই।

১১. নমিনি কি বন্ড এর অর্জিত আয়ের সুবিধা পাবে?

- বন্ডহোল্ডার মারা গেলে নিয়ম অনুযায়ী বন্ডের সুবিধা নমিনি পাবে।

১২. বন্ডহোল্ডার বিদেশে থাকলে কি ভাবে টাকা ফেরত পাবে?

- বন্ডে বিনিয়োগকৃত টাকা এবং মুনাফা সরাসরি গ্রাহকের বিও একাউন্টের সাথে সংযুক্ত ব্যাংক একাউন্টে নির্দিষ্ট সময়ে জমা হবে। কাজেই গ্রাহক দেশে বা বিদেশে থাকার কারণে টাকা প্রাপ্তিতে কোন অসুবিধা নাই।

১৩. এই বন্ড কিনতে গেলে আইএফআইসি ছাড়া অন্য ব্যাংকে একাউন্ট থাকলে হবে কিনা?

- হবে

১৪. বিও একাউন্ট খুলতে কত টাকা লাগবে?

- ৫০০ টাকা

১৫. বিও একাউন্ট পরিচালনায় বাৎসরিক কোন খরচ আছে কিনা?

- বর্তমানে ৫০০ টাকা

১৬. এই বন্ডে কোন আবগারী শুল্ক কি আছে?

- সরকারি নিয়ম অনুযায়ী বিও একাউন্ট এবং ব্যাংক একাউন্ট এর সরকারি চার্জ এর বাইরে কোন আলাদা চার্জ নেই।

১৭. এই বন্ডের আর কি কি সুবিধা আছে?

- এই বন্ডের অন্যান্য সুবিধা হলো –
  - ৫০,০০০ টাকা বিনিয়োগে, প্রথম ঊনষাট মাসে, প্রতি মাসে নীট ৬২৫/- টাকা গ্রাহকের অ্যাকাউন্টে সরাসরি জমা এবং ৫ বছর মেয়াদপূর্তির শেষ মাসে অর্থাৎ ষাটতম মাসে গ্রাহকের একাউন্টে সরাসরি জমা হবে নীট ৫০,৬২৫/- । এভাবে ৫ বছর মেয়াদপূর্তিতে ফেরত পাবেন মূল টাকা সহ সর্বমোট ৮৭,৫০০/- টাকা।
  - বন্ড ক্রয়ে সঞ্চয়পত্রের মতো কোন উর্ধ সীমা নাই।
  - আয়কর আইন ২০২৩ অনুযায়ী, এই বন্ড এর থেকে অর্জিত মুনাফার /আয়ে আয়কর সুবিধা রয়েছে।

১৮. বন্ড ক্রয়ে সোর্স অফ ফান্ড এর কোন প্রয়োজন আছে কি?

- সোর্স অফ ফান্ড গ্রাহকের ব্যাংক একাউন্ট খোলার সাথে সম্পৃক্ত।

১৯. এই বন্ড কি মেয়াদের পূর্বে ভাঙানো যাবে?

- না, বন্ড ক্রেতা ৫ বছর মেয়াদপূর্তির পূর্বে এই বন্ড ভাঙাতে পারবেন না। তবে ইস্যুকারী ৫ বছর মেয়াদপূর্তির পূর্বে, তৃতীয় বছরে বা চতুর্থ বছরে ২% প্রিমিয়াম সহ এই বন্ড পরিশোধের বিজ্ঞপ্তি জানাতে পারে যা সম্পূর্ণরূপে ইস্যুকারীর সিদ্ধান্তের উপর নির্ভর করবে।

২০. এই বন্ডের ইস্যুয়ার কে?

- বেক্সিমকো এই বন্ডের ইস্যুকারী এবং বিনিয়োগকৃত অর্থ ব্যয় হবে বাংলাদেশের প্রথম আপকামিং টাউনশীপ "মায়ানগর" প্রকল্পের উন্নয়ন ও বেক্সিমকোর লোগের ইনস্টলমেন্ট প্রদানের কাজে।